

সারাদেশ

টানা ৪০ দিন জামাতে নামাজ, পুরস্কৃত হলো ক্ষুদে নামাজিরা

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি প্রতিনিধি

কুষ্টিয়ার কুমারখালীতে একটানা ৪০ দিন জামাতের সঙ্গে নামাজ আদায় করা ক্ষুদে নামাজিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়েছে।

রবিবার (২৩ আগস্ট) কুমারখালী এমএন হাই স্কুল ঈদগাহ ময়দানে এমএন হাই স্কুল জামে মসজিদ কমিটির উদ্যোগে এ পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে কুমারখালী এমএন হাই স্কুল জামে মসজিদের সাধারণ সম্পাদক ও কুমারখালী সরকারি কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রভাষক মো. এনামুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক জাকারিয়া আনসার মিলন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মসজিদ কমিটির সহ-সভাপতি আবুল কাশেম, আবদুল সামাদ, মসজিদ কমিটির সদস্য রিয়াদ ও আরজু। এসময় আরো উপস্থিত ছিলেন মসজিদের মুসল্লি সিদ্দিকুর রহমান বাবলু বিশ্বাস, পলাশসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তির।

অনুষ্ঠানে একটানা ৪০ দিন জামাতের সঙ্গে নামাজ আদায়কারী ক্ষুদ্র নামাজীদের মাঝে নগদ ২০ হাজার টাকা, সাতটি স্কুলব্যাগ, ছয়টি ক্রেস্ট, ২৫টি তোয়ালে ও চারটি কোরআন শরিফ বিতরণ করা হয়। এছাড়া ৪০ দিনের কর্মসূচিতে প্রথম স্থান অর্জনকারীকে একটি সাইকেল পুরস্কার দেওয়া হয়।

আয়োজকরা জানান, শিশু-কিশোরদের ছোটবেলা থেকেই নামাজের প্রতি আগ্রহী করে তোলা এবং মসজিদমুখী করার উদ্দেশ্যে এ আয়োজন করা হয়েছে। এ ধরনের উদ্যোগ শিশুদের ধর্মীয় অনুশাসন মেনে চলতে উৎসাহিত করবে বলে মনে করেন তারা।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/tana-40-din-jamate-namaj-purskrit-hlo-kshude-namajira-2>